

প্রায় জিজ্ঞাসিত প্রশ্ন (FAQ)

নতুন জন্ম নিবন্ধন

১। কিভাবে নতুন জন্ম নিবন্ধন আবেদন করব?

উত্তর:

- প্রথমে <https://bdris.gov.bd> ওয়েবসাইটে জন্ম নিবন্ধন আবেদন করতে হবে।
- আবেদনের জন্য পিতা মাতার অনলাইন জন্ম নিবন্ধন থাকা আবশ্যিক।
- আবেদনের একটি কপি ও অন্যান্য ডকুমেন্টসহ দূতাবাসে অথবা কনসুলার টিমের কাছে জমা দিতে হবে।

২। কারা বাংলাদেশ দূতাবাস, মাস্কাটে নতুন জন্ম নিবন্ধন আবেদন করতে পারবে?

উত্তরঃ শুধুমাত্র ওমানে জন্মগ্রহণকারী বাংলাদেশী নাগরিক।

৩। কি কি ডকুমেন্ট আপলোড করতে হবে?

উত্তর:

- ওমানের জন্ম নিবন্ধন/ চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র/ চিকিৎসা প্রতিষ্ঠান প্রদত্ত জন্ম সংক্রান্ত সনদের কপি/ সংশ্লিষ্ট ব্যক্তির মেশিন রিডেবল পাসপোর্টের প্রথম ২ (দুই) পাতা অনুলিপি।
- পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি।

৪। আবেদনের সাথে কি কি ডকুমেন্ট জমা দিতে হবে?

উত্তর: আবেদনের কপিটি নিম্নের ডকুমেন্টসহ দূতাবাসে জমা দিতে হবে:

- ওমানের জন্ম নিবন্ধন/ চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র/ চিকিৎসা প্রতিষ্ঠান প্রদত্ত জন্ম সংক্রান্ত সনদের কপি/ সংশ্লিষ্ট ব্যক্তির মেশিন রিডেবল পাসপোর্টের প্রথম ২ (দুই) পাতা অনুলিপি। পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি।
- পিতা/মাতার সিভিল আইডি।
- পিতা মাতার নিকাহ নামা

৫। ফি কত?

উত্তর: ০২ (দুই) ওমানি রিয়াল। দূতাবাসের কাউন্টারে জমা দিতে হবে। কনসুলার টিমের কাছেও আবেদন ও ফি জমা দেওয়া যাবে।

জন্ম নিবন্ধন সনদ সংশোধন

১। জন্ম নিবন্ধন অনলাইনে আছে কিনা কিভাবে যাচাই করব?

উত্তর: এই <https://everify.bdris.gov.bd/> ওয়েবসাইটে আপনার জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম সাল দিয়ে যাচাই করতে পারবেন।

২। জন্ম নিবন্ধনে শুধু ইংরেজিতে তথ্য রয়েছে কিন্তু বাংলায় নাই অথবা বাংলায় তথ্য আছে কিন্তু ইংরেজিতে নাই - কিভাবে ঠিক করব?

উত্তর: সংশোধনের আবেদন করতে হবে।

৩। জন্ম নিবন্ধন সনদে লিঙ্গ মহিলার পরিবর্তে পুরুষ অথবা পুরুষের পরিবর্তে মহিলা আছে। কিভাবে ঠিক করব?

উত্তর: সংশোধনের আবেদন করতে হবে।

৪। জন্ম নিবন্ধন সংশোধন আবেদন কিভাবে করব?

উত্তর: কোন ব্যক্তির পূর্বে যে সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ/ দূতাবাসে জন্ম নিবন্ধন রয়েছে সেখানে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে।

অত্র দূতাবাসে যাদের জন্ম নিবন্ধন অনলাইনে করা রয়েছে তাদের এই <https://bdris.gov.bd/> ওয়েবসাইট এ গিয়ে সংশোধনের আবেদন করতে হবে।

৫। আবেদনের জন্য কি কি ডকুমেন্ট প্রয়োজন?

উত্তর: যে তথ্য/তথ্যসমূহ নতুন করে সংযোজন/ সংশোধন/ পরিবর্তন করতে চান তার স্বপক্ষে প্রমাণক আপলোড করতে হবে। যেমন - পাসপোর্টের কপি, জাতীয় পরিচয়পত্র, এসএসসি/এইচ এস সি সার্টিফিকেট, ওয়ারিশন সনদ, বর্তমান ঠিকানার প্রমাণক ইত্যাদি।

একটি অঙ্গীকারনামাও আপলোড করতে হবে। নমুনা এখানে সংযুক্ত করা হয়েছে।

তাছাড়া দূতাবাসের (<https://muscat.mofa.gov.bd/>) ওয়েবসাইট থেকেও অঙ্গীকারনামার নমুনা ডাউনলোড করা যাবে।

৬। আবেদনের সময় OTP পাওয়ার জন্য কোন দেশের মোবাইল নম্বর দিতে হবে?

উত্তর: অবশ্যই একটি সচল বাংলাদেশী মোবাইল নম্বর দিতে হবে এবং প্রাপ্ত OTP প্রদানের মাধ্যমে আবেদন অনলাইনে সাবমিট করতে হবে। পরবর্তীতে দূতাবাসে/ কনস্যুলার টিমের কাছে আবেদনের হার্ডকপিটি জমা দেওয়ার সময় উক্ত OTP দিতে হবে।

৭। আবেদন করার পরে কিছু করতে হবে?

উত্তর: দূতাবাসের কাউন্টারে নির্দিষ্ট ফি জমা করে আবেদনের কপিটি জমা দিন।

৮। ফি কত?

উত্তর: ০২ (দুই) ওমানি রিয়াল। দূতাবাসের কাউন্টারে জমা দিতে হবে। কনস্যুলার টিমের কাছেও আবেদন ও ফি জমা দেওয়া যাবে।

